



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম।

www.ctgcs.edu.bd Email: hmccs36@yahoo.com

FB Page : www.facebook.com/ctgcollegiate

তারিখ : ১২/০৮/২০২০ খ্রিঃ

বিজ্ঞপ্তি


বিষয় : ভার্সুয়াল প্ল্যাটফর্মে নিম্নোল্লিখিত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

এতদ্বারা অত্র বিদ্যালয়ের ৫ম থেকে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস-২০২০ ও মুজিববর্ষ উপলক্ষ্যে ভার্সুয়াল প্ল্যাটফর্মে নিম্নোল্লিখিত বিষয়ে বিভাগওয়ারী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। মুজিব শতবর্ষে শত (১০০) শব্দের লেখা ও ছবি আঁকার মাধ্যমে শিক্ষার্থীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানাবে।

ক্রম	শ্রেণি	বিভাগ	প্রতিযোগিতার নাম	বিষয়
১	পঞ্চম হতে সপ্তম	ক	রচনা	বঙ্গবন্ধু ও বাংলাদেশ
২	অষ্টম হতে দশম	খ	চিত্রাংকন	আমার সোনার বাংলা

প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় নিয়মাবলী :

- শিক্ষার্থীরা এক বা একাধিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- রচনার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে ' বঙ্গবন্ধু ও বাংলাদেশ ' শিরোনামে অনধিক ১০০ শব্দের নিজ হাতে অথবা কম্পিউটারে ('SutonnyMJ' Font এ - ১৩ সাইজে) ওয়ার্ড/পিডিএফ ফরম্যাটে প্রেরণ করবে।
- ছবি আঁকার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজে/আর্ট পেপারে ' আমার সোনার বাংলা ' বিষয়ে একটি ছবি আঁকবে (যে কোন মাধ্যমে)।
- শিক্ষার্থীরা লেখা ও ছবির উভয় ক্ষেত্রে নিচে বিভাগের নাম (ক/খ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক অনলাইন মাধ্যমে সফটকপি বিদ্যালয়ের নির্ধারিত ই-মেইল (hmccs36@yahoo.com) ঠিকানায় আগামী ১৫/০৮/২০২০ তারিখ, দুপুর ০২ টার মধ্যে পাঠাতে হবে।
- শিক্ষার্থীদের আঁকা সকল ছবিই JPG ফরম্যাটে A4 সাইজে হাই রেজুলেশনে (শিক্ষার্থীর বিস্তারিত তথ্যসহ) প্রেরণ করতে হবে।
- শিক্ষার্থীরা একই ই-মেইলে এক বা একাধিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তথ্য সংযুক্ত করতে পারবে, ভিন্ন ভিন্ন ভাবে প্রেরণের প্রয়োজন নেই।


(দেবব্রত দাশ)

প্রধান শিক্ষক

আইডি-২০১৬২০২০২০

চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম।